দৈনিক খবর

তারিখ 02 DEC 1992
পৃষ্ঠা 7 কলাম 7

26

ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা

# বিএম কলেজে ছাত্রদল—ছাত্রলীগ সংঘর্ষ ঃ শিক্ষকসহ আহত ১৫

বরিশাল, ১লা ডিসেম্বর (ব্যুরো অফিস)।— আজ বরিশাল সরকারী বিএম কলেজে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে এক সংঘর্ষে শিক্ষকসহ ১৫ জন আহত হয়েছে। আহতদের মধ্যে কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মাহাতাবউদ্দিন, জেলা ছাত্রদলের সভাপতি আলী আজগর ফকির, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক তারিক বিন ইসলাম ও ছাত্রদলের শাহ আনোয়ার, সুজনওরয়েছে।

ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে আজ সকাল ১০টার দিকে কলেজ ক্যাম্পাসে ছাত্রদল, ছাত্রলীগ ও সংগ্রামী ছাত্র সমাজ পৃথক পৃথক মিছিল শুরু করার এক পর্যায়ে ছাত্রদল ও ছাত্রলীগের মিছিল পরস্পরকে অতিক্রমকালে এ সংঘর্ষের শুরু হয় এবং শিক্ষক ছাত্রসহ ১৫ জন আহত হয়। ১ ঘন্টাব্যাপী এ সংঘর্ষে উভয় পক্ষের মধ্যে ধাওয়া—পাল্টা ধাওয়া, ইট, পাটকেল ও লাঠিসোটা নিক্ষেপ করা হয়। ক্যাম্পাসে ১ রাউন্ড ফাঁকা গুলীর শব্দ শোনা যায়। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

উল্লেখ্য, আগামী ২১শে ডিসেম্বর বিএম কলেজ ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠানের

২-এর পাতায় দেখুন

# বিএম কলেজে

প্রথম পৃষ্ঠার পর

তারিখ ঘোষণা করা হয়েছে।

এক পর্যায়ে উভয়ের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়। এতে ২৫ ব্যক্তি আহত হয়। আহতদের মধ্যে ১৩ জনকে গৌরনদী থানা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ব্যাপারে গৌরনদী থানায় পৃথক পৃথক মামলা দায়ের হয়েছে।